গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাউনিয়া,রংপুর।

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় সরবরাহ-১ শাখা, ঢাকার স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ তারিখ ১৪.১০.২০২৪ খ্রি. মূলে জারীকৃত পরিপত্র ও খাদ্যবান্ধব নীতিমালা ২০২৪' মোতাবেক কাউনিয়া উপজেলায় ০৬ (ছয়) টি ইউনিয়নের ২৫ (পঁচিশ) টি বিক্রয় কেন্দ্রে প্রতিটিতে ০১ (এক) জন করে সর্বমোট ২৫ (পঁচিশ) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। আগামী ০৫ (পাঁচ) বছর খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানের বিক্রয় কেন্দ্রে ডিলারশিপ পরিচালনার নিমিত্ত নতুন ডিলার নিয়োগ কল্পে কাউনিয়া উপজেলার প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.নং	ইউনিয়নের নাম	ডিলার সংখ্যা	বিক্রয় কেন্দ্রের নাম
১	সারাই	১	ধুমের কুঠি জয়বাংলা বাজার,সারাই।
		১	উদয় নারায়ণ মাছহাড়ী একতা বাজার,সারাই।
		১	ভগীরথ মাছহাড়ী বাজার,সারাই।
		১	কাচু বকুলতলা,সারাই।
২	হারাগাছ	১	খানসামা হাট,হারাগাছ।
		১	বকুলতলা বাজার,হারাগাছ।
		১	নাজিরদহ একতা বাজার,হারাগাছ।
৩	কুর্শা	১	মীরবাগ বাজার,কুর্শা।
		১	মীরবাগ বাসস্টান্ড,কুর্শা।
		১	সিংহের কুড়া বাজার,কুর্শা।
		১	বড়ুয়াহাট বাজার,কুর্শা।
		১	শিবু চৌরাস্তা বাজার,কুর্শা।
৪	শহীদবাগ	১	সাধু রেলগেট বাজার,শহীদবাগ।
		১	প্রাণনাথ চর হাজীর বাজার,শহীদবাগ।
		১	শহীদবাগ বাজার, শহীদবাগ।
৫	বালাপাড়া	১	তকিপল বাজার,বালাপাড়া।
		১	হলদিবাড়ী রেলগেট,বালাপাড়া ।
		১	কাজল মার্কেট,বালাপাড়া।
		১	গাজীরহাট,বালাপাড়া।
		১	রেল স্টেশন বাজার,বালাপাড়া।
৬	টেপামধুপুর	১	টেপামধুপুর হাইস্কুল বাজার,টেপামধুপুর।
		১	টেপামধুপুর বাজার ,টেপামধুপুর।
		১	বুড়িরহাট বাজার,টেপামধুপুর।
		১	ভায়রহাট বাজার, টেপামধুপুর।
		১	চৈতার মোড় বাজার, টেপামধুপুর।

আবেদনকারীর যোগ্যতা:

১। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বয়স ১৮ বছরের উর্দ্ধে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং কাউনিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। একজন আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলার হতে আগ্রহী, আবেদন পত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে। আবেদনকারী কেবল একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন। কোন আবেদনকারী একাধিক আবেদন দাখিল করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। আবেদনকারীর ইউনিয়ন কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।

৪। আবেদনকারীকে দোকানের মালিকানা সংক্রান্ত কাগজপত্র (নিজস্ব দোকান হলে মালিকানার কাগজপত্র এবং ভাড়ার দোকান হলে দোকান ভাড়ার চুক্তিপত্র) সংযুক্ত করতে হবে।
৫. আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই বিক্রয় কেন্দ্রের স্থানে কমপক্ষে ১৫.০০০ (পনের) মে. টন খাদ্যশস্য সংরক্ষণ উপযোগী পাকা মেঝের সংরক্ষণাগার থাকতে হবে।

৬। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা এবং আর্থিক স্বচ্ছলতা থাকতে হবে।

৭। আবেদনকারী ডিলার নিয়োগ হলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।

৮। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত,কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হওয়া ব্যক্তি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।

৯। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও ওএসএস ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলারের আবেদন করতে পারবেন না।

১০।প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।

১১। কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।

১২। আবেদনকারী অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।

১৩। একটি কেন্দ্রের বিপরীতে একের অধিক আবেদন জমা পড়লে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।

১৪। অসম্পূর্ণ আবেদন/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১।	পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।	৫।	দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।
২।	ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ।	৬।	জাতীয় পরিচয়পত্র ফটোকপি।
৩।	সংশ্লিষ্ট ইউনিয়ন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স এর ফটোকপি।	৭।	নাগরিকত্ব সনদ।
৪।	খাদ্য বিভাগ কর্তৃক প্রদত্ত ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি।	৮।	অঙ্গীকার নামা।

আগ্রহী ব্যক্তিগণকে আগামী ২৭.০২.২০২৫ খ্রি.তারিখ বিকাল ০৫ (পাঁচ) ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রাদি একটি খামে ঢুকিয়ে মুখ বন্ধ অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার,কাউনিয়া, রংপুর এর কার্যালয়ে রক্ষিত বক্সে দাখিল করতে হবে এবং খামের উপর বাম পাশে আবেদনকারীর নাম,ঠিকানা, মোবাইল নং এবং খামের ডান পাশে যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করেছেন তার নাম স্পষ্টাক্ষরে লিখে জমা দিতে হবে।

MHaque
২৭.০২.২৫
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
কাউনিয়া, রংপুর।

স্মারক নং-১৩.০১.৮৫৪২.০০২.৫৭.০০৬.২২-৬৩ তারিখ: ১৭.০২.২০২৫ খ্রি.

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতির জন্য-

- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, রংপুর।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক,রংপুর।
- প্রশাসক, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর।
- উপজেলা কৃষি কর্মকর্তা, কাউনিয়া,রংপুর।
- উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কাউনিয়া,রংপুর।
- উপজেলা সমাজসেবা কর্মকতা, কাউনিয়া,রংপুর।
- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া,রংপুর।
- উপজেলা আইসিটি কর্মকর্তা, কাউনিয়া,রংপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- সভাপতি/সম্পাদক,প্রেস ক্লাব, কাউনিয়া,রংপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রকাশের অনুরোধসহ)
- চেয়ারম্যান/প্রশাসক (সকল ইউপি............কাউনিয়া,রংপুর।
- জনাব..................... কাউনিয়া,রংপুর।
- দপ্তর নথি।

17.02.2025

(সুফিয়া সুলতানা সরদার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
কাউনিয়া, রংপুর।